



## মূল পরিষেবা প্রতিশ্রুতি

### আমাদের সম্পর্কে

Employment Plus হলো The Salvation Army-এর একটি অংশ। এটি একটি আন্তর্জাতিক খ্রিস্টান আন্দোলন যা ১৮৮০ সাল থেকে অস্ট্রেলিয়ানদের বিস্তৃত ক্ষেত্রজুড়ে সমর্থন করে আসছে।

### পরিষেবা

আমাদের সাথে পিতা-মাতার পুরো যাত্রায় একজন নিবেদিত মেন্টর সহযোগিতা করেন। তিনি শক্তি, আকাঙ্ক্ষা ও চ্যালেঞ্জের একটি স্পষ্ট ধারণা গড়ে তোলেন এবং নির্ধারিত লক্ষ্যের দিকে প্রত্যেকটি ধাপের পরিকল্পনা, পর্যবেক্ষণ ও অর্জনে সহায়তা করেন। মেন্টররা মুখোমুখি, অনলাইন ও টেলিফোনে সহায়তা করেন। আমরা শেখার জন্য দলগত কার্যক্রম আয়োজন করি, পিয়ার নেটওয়ার্ক গড়ে তুলি এবং স্থানীয় পরিষেবাগুলোর প্রাপ্তি সহজ করতে সহায়তা করি। আমরা প্রত্যেক পিতা-মাতার অগ্রগতি ও পরিষেবা নিয়ে তাদের সন্তুষ্টি পর্যালোচনা করি এবং প্রয়োজনীয় পরিবর্তনের পক্ষে সোচ্চার হই।

### ফলাফল

আমরা প্রত্যেক পিতা-মাতার অনন্য চাহিদা ও আকাঙ্ক্ষা অনুযায়ী আমাদের পরিষেবা সাজিয়ে নিই এবং পিতা-মাতাকে পরামর্শ, স্থানীয় পরিষেবা ও আর্থিক সহায়তার মাধ্যমে তাদের লক্ষ্য অর্জনে সহায়তা করি, যার মধ্যে আরও আছে:

- প্রশিক্ষণ সরঞ্জাম, অভিভাবকত্বে সহায়তা এবং পরিবহণের মতো ব্যবহারিক প্রয়োজনে সহায়তা করা।
- মানসম্পন্ন স্থানীয় সেবা প্রাপ্তি নিশ্চিত করা।
- শিক্ষা ও যোগ্যতার লক্ষ্য অর্জনে পিতামাতাকে সহায়তা করা।
- স্বেচ্ছাসেবার সুযোগ, বেতনসহ কর্মসংস্থান এবং ক্যারিয়ারের অগ্রগতি নিশ্চিত করতে সহায়তা করা।
- আত্মবিশ্বাস ও অনুপ্রেরণা বৃদ্ধি করা, উৎসাহ দেওয়া এবং সাফল্য উদযাপন করা।
- Parent Pathways কর্মসূচির প্রার্থীদের মাধ্যমে স্থানীয় নিয়োগদাতাদের কর্মীবাহিনীর চাহিদা পূরণে সহায়তা করা।

### সম্পৃক্ততা/সংযোগ

আমরা Hunter-এরবিভিন্ন জনগোষ্ঠীর জন্য সহায়তা আরও টেকসই করতে বিভিন্ন স্থানীয় পরিষেবা, প্রশিক্ষণমূলক উদ্যোগ ও সাংস্কৃতিক প্রতিষ্ঠানের সাথে অংশীদারত্ব গড়ে তুলি এবং বিভিন্ন সেবার মধ্যে জ্ঞান ও অভিজ্ঞতা বিনিময় করি। আমরা স্থানীয় সম্প্রদায়ের মধ্য থেকে মেন্টর নিয়োগ করি এবং তাদের দক্ষতা বৃদ্ধির জন্য চলমান প্রশিক্ষণ প্রদান করি।

### পরিষেবা প্রাপ্তি ও রিসোর্স

আমরা বিভিন্ন স্থানে কার্যক্রম পরিচালনা করি। কর্মক্ষেত্র বা সার্ভিস পয়েন্টের মতো সম্মত স্থানে মেন্টররা পিতা-মাতার সাথে দেখা করতে পারেন। আমাদের সাইটগুলো অনানুষ্ঠানিক ও শিশুবান্ধব, যেখানে শিশুদের জন্য খেলনা ও বিভিন্ন কার্যকলাপের সুবিধা আছে।

### কর্মশক্তি কৌশল

আমাদের টিমে মেন্টর, একজন সাইট ম্যানেজার এবং একজন এনগেজমেন্ট কোঅর্ডিনেটর থাকেন, যাদের প্রত্যেকে বিভিন্ন সংস্কৃতি, কর্মসংস্থান ও যোগ্যতার পটভূমি থেকে আসেন। মেন্টর ও সিনিয়র মেন্টররা একসাথে ৫০ জন পিতামাতাকে সমর্থন করেন। সাইট ম্যানেজার স্থানীয় কার্যক্রম তত্ত্বাবধান করেন, যেখানে এনগেজমেন্ট কোঅর্ডিনেটর নিশ্চিত করেন যে স্থানীয় পরিষেবা অংশীদারদের একটি নেটওয়ার্ক পিতা-মাতাদের চাহিদা পূরণ করছে। সকল কর্মীদের চলমান পেশাদার শিক্ষা ও দক্ষতা উন্নয়নের মাধ্যমে সহায়তা করা হয়।

কোনও সাহায্য প্রয়োজন? আপনাকে সাহায্য করার জন্য আমরা পাশে আছি

 136 123

 [www.employmentplus.com.au](http://www.employmentplus.com.au)



## HUNTER REGION SITE LOCATIONS

Service Area	Site Address	Type	Opening Hours
Belmont North	4/356 Pacific Highway, Belmont North, NSW, 2280	Outreach	By appointment
Bonnells Bay	158 Station Street, Bonnells Bay ,NSW 2264	Outreach	By appointment
Cardiff	52 Harrison Street, Cardiff, NSW, 2285	Outreach	By appointment
Charlestown	Shop 16 & 36 338 Charlestown Road, Charlestown NSW 2290	Full-Time	Monday - Friday, 9am - 5pm
Gillieston Heights	Redwood Drive, Gillieston Heights, NSW, 232i1	Outreach	By appointment
Woodberry	11-13 Lawson Avenue, Woodberry, NSW, 2322	Outreach	By appointment
Hamilton	67 Cleary Street, Hamilton NSW 2303	Outreach	By appointment
Raymond Terrace	15 Carmichael St, Raymond Terrace NSW 2324	Part-Time	Tuesday, Wednesday & Thursday, 9am - 5pm
Toronto	9 Thorne Street, Toronto, NSW, 2283	Part-Time	Thursday & Friday, 9am - 5pm
Wallsend	54 Cowper St, Wallsend NSW 2287	Part-Time	Monday & Tuesday, 9am - 5pm
Windale	20 Lake Street, Windale, NSW, 2306	Outreach	By appointment
Anna Bay	14 Port Stephens Road, Anna Bay, NSW 2316	Outreach	By appointment

কোনও সাহায্য প্রয়োজন? আপনাকে সাহায্য করার জন্য আমরা পাশে আছি

 136 123

 [www.employmentplus.com.au](http://www.employmentplus.com.au)